

ঢাকা ওয়াসা

প্রশাসন বিভাগ-১ হতে প্রাপ্ত পত্র
ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণসূচী

বিষয়ঃ- ঢাকা ওয়াসায় নবনিযুক্ত ৮২ জন বিলিং সহকারীর (আউট সোর্সিং) জন্য ৪ ব্যাচে ০১ (এক) দিনব্যাপী “ওরিয়েন্টেশন কোর্স” আয়োজন প্রসঙ্গে।

০১। বিবেচ্য বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২৫ অর্থ বছরের জন্য প্রণীত প্রশিক্ষণ পরিকল্পনায় ঢাকা ওয়াসায় নবনিযুক্তদের জন্য ওরিয়েন্টেশন কোর্স আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সম্প্রতি ঢাকা ওয়াসায় রাজস্ব জোনসমূহে ৮২ জন বিলিং সহকারী (আউট সোর্সিং) নিয়োগ প্রদান করা হয়েছে। উপ সচিব, প্রশাসন বিভাগ-১ নবনিযুক্ত ৮২ জন বিলিং সহকারীকে ঢাকা ওয়াসার রাজস্ব উইং এর কার্যক্রম সম্পর্কে পরিচিত করানোর লক্ষ্যে ওরিয়েন্টেশন কোর্স আয়োজনের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করেছেন (বিবেচ্য পত্র-১)। ওরিয়েন্টেশন কোর্সের মাধ্যমে যাতে নবনিযুক্ত বিলিং সহকারীগণ ঢাকা ওয়াসার রাজস্ব উইং এর কার্যক্রম সম্পর্কে সম্যক স্পষ্ট ধারণা লাভ করতে পারেন সে নিরীখে সংক্ষিপ্ত কোর্স প্রোগ্রাম (সংযুক্ত) প্রণয়ন করা হয়েছে। উক্ত ওরিয়েন্টেশন কোর্সের ১ম, ২য়, ৩য়, ও ৪র্থ ব্যাচ যথাক্রমে আগামী ০৩, ০৪, ০৫ ও ০৬ মার্চ, ২০২৫ তারিখে অথবা সুবিধাজনক সময়ে পূর্ণ কর্মদিবসব্যাপী ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ওরিয়েন্টেশন কোর্সে বিভিন্ন বিষয়ে ব্রিফিং/বক্তৃতা প্রদানের জন্য ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট সিনিয়র কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে। ৪ ব্যাচের পূর্ণ কর্মদিবসব্যাপী উক্ত ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণের জন্য প্রাপ্ত তালিকা অনুযায়ী নবনিযুক্ত ৮২ জন বিলিং সহকারীকে মনোনয়ন দেয়া যেতে পারে।

০২। নবনিযুক্ত ৮২ জন বিলিং সহকারীর জন্য পূর্ণ কর্মদিবসব্যাপী ৪ ব্যাচের কোর্সটি সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

ক্র. নং	খাত	সম্ভাব্য ব্যয়	বিবরণ
(ক)	বক্তার সম্মানী	৬৪,০০০/-	(৪ সেশন ২,৫০০/- টাকা হারে+ ৩ সেশন ২,০০০/- টাকা হারে)X ৪ ব্যাচ
(খ)	প্রশিক্ষার্থীদের ভাতা	৪১,০০০/-	৪ ব্যাচের ৮২ জন ৫০০/- টাকা হারে
(গ)	কোর্স পরিচালকের ভাতা	৬,০০০/-	১,৫০০/- টাকা হারে ৪ দিন
(ঘ)	কোর্স সমন্বয়কের ভাতা	৪,৮০০/-	১,২০০/- টাকা হারে ৪ দিন
(ঙ)	ইফতারির পার্সেল/ভাতা	৩০,০০০/-	(২০ জন প্রশিক্ষার্থী ও সাপোর্টিং স্টাফসহ ২৫ জন ৩০০/- টাকা হারে)X ৪ ব্যাচ
(চ)	ব্যাগ, নোটবুক ও কলম	৩১,১৬০/-	৮২ সেট ৩৮০/- টাকা হারে
(ছ)	কোর্স ম্যাটারিয়াল ফটোকপি ও বিবিধ	৮,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট		=১,৮৪,৯৬০/-	কথায়ঃ টাকা এক লক্ষ চুরাশি হাজার নয়শত ষাট মাত্র

০৩। এমতাবস্থায়, নবনিযুক্ত ৮২ জন বিলিং সহকারী (আউট সোর্সিং) এর মনোনয়ন, ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণসূচী, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,৮৪,৯৬০/- (টাকা এক লক্ষ চুরাশি হাজার নয়শত ষাট মাত্র) ব্যয়ের অনুমোদনসহ উক্ত পরিমান টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

মোঃ ওয়াজ উদ্দীন
২৪/২/২৫

উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিগরি ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

এ. এম. মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মো. আব্দুস সোবহান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

প্রশিক্ষণ কেন্দ্র
ঢাকা ওয়াসা
নং- ০৬।ক্রিঃ-
তারিখ- ০৬।৩।২৫

মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিগরি ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিগরি ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।